162 দৈনিক খবর

তারিখ 05 SEP 1990
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 4 ...

# ঢাকা ভার্সিটির উপাচার্যের সহযোগিতা কামনা

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিয়া শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে ক্যাম্পাস থেকে সন্ত্রাস নির্মুল করার জন্য ছাত্র, শিক্ষক, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছেন।

গত রোববার ছাত্র-শিক্ষক কেন্দ্রে আয়োজিত মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল ছাত্র-সংসদের অভিষেক অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, আমরা সবাই যদি সম্মিলিতভাবে ও আন্তরিকতার সাথে সন্ত্রাস নির্মূলের দৃঢ় প্রত্যয় ঘোষণা করি তাহলে কিছুতেই সন্ত্রাস থাকতে পারে না। কোন মহল যদি নিজেদের স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয় বন্ধ করার অপচেষ্টা চালায় তবে তারা ভুল করবে, তাদের সে উদ্দেশ্য সফল হতে দেয়া হবে না।

হলের প্রাধাক্ষ ও হল সংসদের সভাপতি অধ্যাপক মনিরুল হকের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীন আহমদ। বক্তৃতা করেন ডাকসুর ভিপি আমানুল্লাহ আমান, ডাকসুর জিএস খায়রুল কবির খোকন, হল সংসদের কোষাধ্যক্ষ সৈয়দ আবুল কালাম আজাদ, হল সংসদের ভিপি মোঃ মনোয়ার হোসেন (রানা) এবং হল সংসদের জিএস মোঃ আনোয়ারুল ইসলাম।